



Cosmo School

মাদার তেরেসা

সন্জীদা খাতুন

তারিখ: ০৯/০৭/২০

নমুনা সৃজনশীল প্রশ্নের উত্তর:

১. বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন বাংলাদেশের নারী আন্দোলনের পথিকৃৎ । নারীদের মুক্তির জন্য তিনি শিক্ষার কথা বলতেন । নারীর যোগ্য মর্যাদা প্রতিষ্ঠায় তিনি সক্রিয় ছিলেন । এছাড়াও সমাজের সাধারণ ও দুস্থ নারীদের স্বাবলম্বী করে তোলার জন্য তিনি ‘আঞ্জুমান খাওয়াতিনে ইসলাম’ নামে একটি মহিলা সংগঠন প্রতিষ্ঠা করেন ।

ক) প্রথম বিশ্বযুদ্ধ কত সালে শুরু হয়?

খ) মানুষের মনে মাদার তেরেসা চিরকাল বেঁচে থাকবেন কেন?

গ) উদ্দীপকের বেগম রোকেয়ার কাজের সঙ্গে মাদার তেরেসার কাজের বৈসাদৃশ্য নিরূপণ কর ।

ঘ) ‘বেগম রোকেয়া ও মাদার তেরেসার সেবার ধরন আলাদা হলেও দুজনই সেবাব্রতী’— বিশ্লেষণ কর ।

১ নং প্রশ্নের উত্তর (ক)

প্রথম বিশ্বযুদ্ধ ১৯১৪ সালে শুরু হয় ।

১ নং প্রশ্নের উত্তর (খ)

মাদার তেরেসা সেবাধর্মের জন্য মানুষের মনে চিরকাল বেঁচে থাকবেন ।

ভালোবাসা দিয়ে মানুষের জীবনকে শান্তিময় করার জন্য মাদার তেরেসা সারা জীবন কাজ করে গেছেন । বিভিন্ন সেবামূলক প্রতিষ্ঠান প্রতিষ্ঠার জন্য তিনি বিভিন্ন পুরস্কারে ভূষিত হয়েছেন । কিন্তু পুরস্কারের অর্থ নিজের জন্য ব্যয় করেননি । গরিব অসহায়, দুঃখী, দুর্দশাগ্রস্ত মানুষের জন্য সবকিছু দান করে গেছেন । তাঁর এ মহৎ কাজের জন্যই বিশ্ববাসী তাঁকে চিরকাল স্মরণ করবে ।

১ নং প্রশ্নের উত্তর (গ)

উদ্দীপকের বেগম রোকেয়া কাজ করেছেন নারীদের জন্য আর মাদার তেরেসা কাজ করেছেন সমাজের সর্বস্তরের মানুষের জন্য ।

‘মাদার তেরেসা’ প্রবন্ধে দেখা যায়, মানুষের সেবাই ছিল মাদার তেরেসার মূল লক্ষ্য । তাঁর এ কাজ কোনো দেশ-কাল-জাতির মধ্যে সীমাবদ্ধ ছিল না । পৃথিবীর বিভিন্ন দেশে তাঁর সেবা প্রতিষ্ঠান গড়ে উঠেছে । পৃথিবীর সকল সমাজের সকল শ্রেণি-পেশার মানুষের জন্য তিনি নিরলস কাজ করে গেছেন ।

উদ্দীপকে দেখা যায়, বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন শুধু নারীদের শিক্ষা উন্নতির জন্য কাজ করেছেন । তখন নারীদের শিক্ষার অধিকার থেকে বঞ্চিত করা হতো । তাদের যোগ্য মর্যাদা দেওয়া হতো না । এ কারণে বেগম রোকেয়া নারীদের স্বাবলম্বী করে তোলার জন্য নারীমুক্তি আন্দোলন গড়ে তোলেন । আর মাদার তেরেসা কাজ করেছেন দেশ-কাল-জাতির গণ্ডি পেরিয়ে সারা পৃথিবী জুড়ে মানবতার জন্য । আর এখানেই বেগম রোকেয়ার সঙ্গে মাদার তেরেসার কাজের বৈসাদৃশ্য ।

১ নং প্রশ্নের উত্তর (ঘ)

উদ্দীপকের বেগম রোকেয়া ও মাদার তেরেসার মানবসেবার ধরন আলাদা হলেও দুজনই সেবাব্রতী’— উক্তিটি যথার্থ ।

সন্জীদা খাতুন রচিত ‘মাদার তেরেসা’ রচনায় মাদার তেরেসা মহান কাজের দিক ফুটে উঠেছে । মানুষের সেবা করাই ছিল তাঁর জীবনের মূল লক্ষ্য । দেশ-কালের গণ্ডিতে তাঁর কাজ আবদ্ধ ছিল না । পৃথিবীর অনেক দেশে অনেক মানুষের প্রতি তিনি বাড়িয়ে দিয়েছিলেন সেবার হাত । কাজ করেছেন দুঃখ-দারিদ্র্য দূরীকরণে ।

উদ্দীপকে দেখা যায়, বেগম রোকেয়া অবরুদ্ধ নারীদের মুক্তি দেওয়ার প্রয়োজন অনুভব করেন । সংগঠন গড়ে তুলে সাহায্য করেন অসহায় নারীদের । স্বাবলম্বী করে তোলেন তাদের । আর মানসিক দাসত্ব থেকে মুক্তির জন্য নারী আন্দোলন শুরু করেন ।

উদ্দীপকে ও প্রবন্ধে দুজন সেবাব্রতী মানুষের কথা ফুটে উঠেছে। সেবার ধরন আলাদা হলেও উভয়ই মানবকল্যাণে নিজেদের উৎসর্গ করেছেন। মাদার তেরেসা মানুষের রোগ-শোক, দুঃখ-দারিদ্র্যের বিরুদ্ধে লড়াই করেছেন। অপরদিকে, বেগম রোকেয়া সংগ্রাম করেছেন নারীর যথাযথ মুক্তির জন্য। সুতরাং বলা যায়, সেবার ধরন পৃথক হলেও দুজনই সেবাব্রতী।

নিচের সৃজনশীল প্রশ্নের উত্তর লিখ :

সৃজনশীল প্রশ্ন:

১. আবদুল মজিদ মাস্টারের অর্থসম্পদ তেমন নেই। কিন্তু অন্যের উপকার করে তিনি খুব আনন্দ পান। এলাকার গরিবদের বিভিন্ন সমস্যা সমাধানের জন্য মজিদ মাস্টার নিজে কিছু টাকা দিয়ে এবং অন্যদের সহযোগিতায় একটি ফান্ড গঠন করেন। এতে হত-দরিদ্র পরিবারের ছেলেমেয়েদের বিয়ে থেকে শুরু করে পড়াশোনার খরচ ও দাফন-কাফনের কাজও চলতে থাকে।
 - ক. শারীরিক ও মানসিক প্রতিবন্ধী শিশুদের জন্য মাদার তেরেসা কর্তৃক স্থাপিত প্রতিষ্ঠানটির নাম কী?
 - খ. 'ভালোবাসা দিয়ে দুনিয়া জয় করা সম্ভব'—মাদার তেরেসা প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর।
 - গ. উদ্দীপকের আবদুল মজিদ মাস্টারের মধ্যে মাদার তেরেসার কাজের যে দিকটি ফুটে উঠেছে তার ব্যাখ্যা দাও।
 - ঘ. 'আবদুল মজিদ মাস্টার ও মাদার তেরেসার দৃষ্টান্ত অনুসরণ করলে মানবজীবন শান্তিময় হয়ে উঠবে।'—এ বাক্যের তাৎপর্য ব্যাখ্যা কর।

২. আব্দুল মজিদ মাস্টারের অর্থসম্পদ তেমন নেই। কিন্তু অন্যের উপকারে তিনি খুব আনন্দ পান। এলাকার গরিবদের বিভিন্ন সমস্যা সমাধানের জন্য মজিদ মাস্টার নিজে কিছু টাকা দিয়ে এবং অন্যদের সহযোগিতায় একটি ফান্ড গঠন করেন। এতে হত-দরিদ্র পরিবারের ছেলে মেয়েদের বিয়ে থেকে শুরু করে পড়া শোনার খরচও চলতে থাকে।

- ক) মাদার তেরেসা কোথায় সন্ন্যাসীণি হবার প্রশিক্ষণ নেন?
- খ) মাদার তেরেসা 'নির্মল হৃদয়' প্রতিষ্ঠা করেছিলেন কেন?
- গ) উদ্দীপকের আব্দুল মজিদ মাস্টারের মধ্যে মাদার তেরেসার যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর।
- ঘ) 'মানুষের সেবাই মাদার তেরেসার উদ্দেশ্য'— গল্প ও উদ্দীপকের আলোকে বিচার কর।